



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস রিলিজ

২৫ জুন ২০২৩

ইউজিসির সাথে বাউবির এপিএ চুক্তি স্বাক্ষরিত

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) সাথে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন (এপিএ) চুক্তি (২০২৩-২৪) স্বাক্ষরিত হয়েছে। ইউজিসির পক্ষে সচিব ড. ফেরদৌস জামান ও বাউবির পক্ষে রেজিস্ট্রার ড. মহা. শফিকুল আলম এই চুক্তিতে স্বাক্ষর করেন। শনিবার ২৪ জুন ২০২৩ রাজধানীর একটি হোটেলে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও ৪৬টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে ২০২৩-২০২৪ অর্থবছরের এপিএ স্বাক্ষর অনুষ্ঠান সম্পন্ন হয়। এ সময় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি, সকল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, রেজিস্ট্রার ও ফোকালগণ উপস্থিত ছিলেন।



অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি প্রধান অতিথির বক্তব্য বলেন, বিশ্ববিদ্যালয়সমূহকে কাজিত স্থানে পৌঁছাতে প্রয়োজনীয় সকল সহযোগিতা নিয়ে সরকার বিশ্ববিদ্যালয়গুলোর পাশে আছে। সরকারি বিধি বিধান অনুসরণ করে বিশ্ববিদ্যালয় পরিচালনার জন্য তিনি সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান।

ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ- এর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন ইউজিসি সদস্য অধ্যাপক ড. মো. সাজ্জাদ হোসেন, অধ্যাপক ড. মুহাম্মদ আলমগীর, অধ্যাপক ড. বিশ্বজিৎ চন্দ ও অধ্যাপক আবু তাহের।

উল্লেখ্য, বাউবির উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার ৩০ জুন ২০২১ তারিখে দায়িত্বভার গ্রহণের পর কাজের গতি, সৃজনশীলতা এবং এপিএ তে অভূতপূর্ব সাফল্য অর্জন করে বাউবি। সরকারের মন্ত্রী পরিষদ বিভাগ এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক নির্ধারিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় কৌশলগত উদ্দেশ্যসমূহ; জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা; ই-গভর্ন্যান্স, উদ্ভাবন; অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, সেবা প্রদান প্রতিশ্রুতি ও তথ্য অধিকার কর্মপরিকল্পনা সম্পর্কিত বিষয়ে সার্বিক স্কের ১০০। বাউবি ২০২১-২২ অর্থবছরের এপিএ মূল্যায়নে ১৬ ধাপ এগিয়ে ৯০.৪৯ পয়েন্ট পেয়ে দেশের ৪৬টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে বাউবি ৪র্থ স্থান অর্জন করে। অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি এপিএ মূল্যায়নে শীর্ষস্থান অধিকারী বিশ্ববিদ্যালয় সমূহের মাঝে পুরস্কার হিসেবে সার্টিফিকেট প্রদান করেন।

স্বাক্ষর

(ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)